DEC. 4 2000 তারিখ ...
পৃষ্ঠা ১৭ কলাম ৪

...বাদ

84

# শিক্ষাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন নিশ্চিত করার নির্দেশ

জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের মর্যাদা সমুন্নত রাখতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও

নির্দেশ ঃ পৃঃ ২ কঃ ৬

## নির্দেশ ঃ জাতীয় পতাকা

(১২-এর পৃষ্ঠার পর)

জাতীয় সঙ্গীত পরিবেশন বাধ্যতামূলক। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা নিতে ঢাকা জেলা ও উপজেলা প্রশাসনকে নির্দেশ দেয়া হয়েছে। রোববার রাতে এক তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস এ খবর জানিয়েছে।

খবরে বলা হয়, ঢাকা জেলা প্রশাসন সম্মেলন কক্ষে ঢাকা জেলা ত্রাণ ও সমন্বয় কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন পানিসম্পদমন্ত্রী আবদুর রাজ্জাক।

হাবিবুর রহমান মোল্লা এমপি, আলহাজ মকবুল হোসেন এমপি এবং জেলা ও উপজেলাগুলোর সংশ্লিষ্ট কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের মর্যাদা সমুন্নত রাখতে সকল স্কুল, কলেজ, কিন্ডারগার্টেন ও মাদ্রাসায় জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।

পানিসম্পদমন্ত্রী এ সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন।

এছাড়া সভায় মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ এবং স্বাধীনতা ও বিজয় দিবসের প্রতি সম্মান প্রদর্শনের লক্ষ্যে ঢাকা জেলার প্রতিটি ইউনিয়নে একটি করে স্বাধীনতা স্মৃতিসৌধ নির্মাণেরও সিদ্ধান্ত নেয়া হয়েছে।